গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

২০২০-২১ অর্থ-বছরের ইনোভেশন টিমের সাথে দপ্তর/সংস্থার ৩য় সভার কার্যবিবরণী।

সভার তারিখঃ ২৭ মে, ২০২১ খ্রিঃ
সময়ঃ বিকাল ৪.০০ ঘটিকা
সভাঃ জুম সভা
সভাপতিঃ জনাব মোঃ দেলোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (বাজেট) ও চীফ ইনোভেশন অফিসার, পরিকল্পনা বিভাগ।

১.০০ জুম সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'।

২.০০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) সভাকে জানান যে, পরিকল্পনা বিভাগের ইনোভেশন টিমের সাথে দপ্তর/সংস্থার সাথে ৩টি সভা করার নির্দেশনা রয়েছে। সে আলোকে অদ্য পরিকল্পনা বিভাগের ইনোভেশন টিমের সাথে দপ্তর/সংস্থার ৩য় সভা তথা সর্বশেষ সভা আয়োজন করা হয়েছে। তিনি আরও অবহিত করেন যে, পরিকল্পনা বিভাগের ২ টি দপ্তর/সংস্থার (এনএপিডি ও বিআইডিএস) মধ্যে এনএপিডি এর বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। অপরদিকে বিআইডিএস এর ইনোভেশন কর্ম-পরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়ন অগ্রগতি তুলনামূলক সন্তোষজনক নয়।

৩.০০ গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:

সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
(ক) উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর আওতায় অধীন দপ্তর/ সংস্থার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ০৪/০২/২১ তারিখের মধ্যে পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে;	(ক) ২৭/০১/২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।
(খ) এনএপিডি ও বিআইডিএস এর বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর সকল কর্মসম্পাদন সূচক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে;	(খ) বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর সকল কর্মসম্পাদন সূচক যথাসময়ে বাস্তবায়নের কাজ চলমান।
(গ) বিআইডিএস এর সেমিনার/কর্মশালা ও প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে।	(গ) কার্যক্রম চলমান।

৪.০০ এনএপিডির উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

(ক) ইনোভেশন টিমের ৬ টি সভার মধ্যে ৫ টি সভা অনুষ্ঠিত হয়েছে। আরও ১ টি সভা অনুষ্ঠিত হবে।
(খ) ইনোভেশন টিমের সভায় গৃহীত প্রায় ৯০% সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে অবশিষ্ট বাস্তবায়ন প্রক্রিয়াধীন।
(গ) সেবা সহজিকরণ সক্ষমতা বৃদ্ধি' এবং 'উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি'র লক্ষ্যে দুটি দুই দিনের প্রশিক্ষণ যথাক্রমে গত ১৯-২০ মে ২০২১ এবং ২৩-২৪ মে ২০২১ তারিখে আয়োজিত হয়েছে।
(ঘ) ডিজিটাল সেবার তিন (০৩) বছরের হালনাগাদকৃত তথ্য ২৮ এপ্রিল ২০২১ তারিখে আপলোড করা হয়েছে।

৫.০০ বিআইডিএস এর উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

(ক) চলতি ২০২০-২১ অর্থবছরে বিআইডিএস এর উদ্ভাবন কর্মপরিকল্পনার ৩৩ টি কর্মসম্পাদন সূচক রয়েছে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

(খ) এ পর্যন্ত ১৩ টি কর্মসম্পাদন সূচক সম্পন্ন এবং ৪ টি কর্মসম্পাদন সূচক আংশিক বাস্তবায়িত হয়েছে।
(গ) এর মধ্যে একটি ন্যূনতম ডিজিটাল সেবা তৈরি বাস্তবায়ন ও সেবা পদ্ধতি সহজিকরণ পাইলটিং বাস্তবায়ন হয়েছে।
(ঘ) উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।
(ঙ) উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার আয়োজন করা হয়েছে।
(চ) উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির জন্য ২ দিনের প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।
(ছ) অবশিষ্ট কর্মসম্পাদন সূচকের বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।

৬.০০ বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ
(ক) এনএপিডি এর ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়নের হার শতভাগ নিশ্চিত করতে হবে;
(খ) বিআইডিএস এর ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ অগ্রগতির হার আশাব্যঞ্জক হতে হবে।

৭.০০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
৩০-০৫-২১
(মো: দেলোয়ার হোসেন)
অতিরিক্ত সচিব (বাজেট)
ও
চীফ ইনোভেশন অফিসার
পরিকল্পনা বিভাগ

১৬ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ

নং-২০.০০.০০০০.৩২৮.৩৪.০০২.২০-**১৫৬** তারিখঃ ৩০ মে, ২০২১ খ্রিষ্টাব্দ

বিতরণঃ

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহনপুল ভবন, ঢাকা।
২. যুগ্মসচিব, (এপিএ/পরিকল্পনা), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪. উপসচিব, (এসএসআরসি/ কর্মসম্পাদন ব্যবস্থাপনা), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. পরিচালক (প্রঃ ও অঃ), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা।
৬. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. সিনিয়র সহকারী সচিব, আইন শাখা/সাধারণ শাখা-১/প্রটোকল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা **(কার্যবিবরনীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।**
৩. অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪. যুগ্মসচিব (বাজেট)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. অফিস কপি

৩০/০৫/২০২১
(এ.এস.এম লুৎফুল হাবিব)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৪৮১১২০৫৮
E-mail: ro.pms@plandiv.gov.bd